উম্মু ওয়ারাকাহ বিনত আব্দুল্লাহ ইবনু হারেস আল-আনসারিয়্যাহ যিনি সম্পূর্ণ কুরআন মুখস্থ করেছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দেন যেন সে তার ঘরের লোকদের ইমামতী করে।

উম্মু ওয়ারাকাহ বিনত আব্দুল্লাহ ইবনু হারেস আল-আনসারিয়্যাহ যিনি সম্পূর্ণ কুরআন মুখস্থ করেছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দেন
যেন সে তার ঘরের লোকদের ইমামতী করে। তার একজন মুয়াজ্জিন ছিল। আর সে তার ঘরের
(নারীদের) ইমামতি করত।
[হাসান] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

উম্মু ওয়ারাকাহ বিনত আব্দুল্লাহ ইবনু হারেস আল-আনসারিয়্যাহ যিনি কুরআন একত্র করেছিলেন। অর্থাৎ, অন্তর দিয়ে তিনি কুরআন মুখস্থ করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দেন যেন সে তার ঘরের লোকদের ইমামতী করে। অর্থাৎ, তিনি পাঁচ ওয়াক্ত সালাতে পরিবারের মহিলাদের ইমাম হবেন। তার একজন মুয়াজ্জিন ছিল, সে তার জন্য পাঁচ ওয়াক্ত সালাতে আযান দিত। দারা কুতনীর বর্ণনা অনুযায়ী সে তার ঘরের (নারীদের) ইমামতি করত। তাতে বলা হয়, সে তাদের নারীদের ইমামতি করত। এ হাদীসটি প্রমাণ করে যে, তার ইমামতি করা শুধু নারীদের সাথে সম্পৃক্ত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11307